

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
আইন শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ০৯ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৩ মে, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১২০-আইন/২০২৬—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (Ordinance No. XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক ৩০ চৈত্র, ১৪০৫ বঙ্গাব্দ মোতাবেক ১৩ এপ্রিল, ১৯৯৯ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ৭৩-আইন/৯৯-শ্রম-৮/৪(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা ঘোষণা করিয়াছিল এবং সর্বশেষ ২৩ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং ০৮-আইন/২০২৬ দ্বারা উক্ত প্রযোজ্যতা ০৬ (ছয়) মাসের জন্য বর্ধিত করিয়াছিল, যাহার মেয়াদ ১২ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে উত্তীর্ণ হইয়াছে; এবং

যেহেতু বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতার আবশ্যিকতা এখনও বিদ্যমান রহিয়াছে;

সেহেতু উক্ত Ordinance এর section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্বারা, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর সকল শ্রেণির চাকরির ক্ষেত্রে উক্ত Ordinance এর প্রযোজ্যতা আরও ০৬ (ছয়) মাস বর্ধিত করিল।

২। এই প্রজ্ঞাপন ১৩ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রামকৃষ্ণ বর্মণ

সিনিয়র সহকারী সচিব (আইন)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৮২৭৯)

মূল্য : টাকা ৪.০০